



দুর্ভায়নই ছাত্র রাজনীতি শিক্ষা ব্যবস্থাকে দুর্বল করছে: ধর্ম উপদেষ্টা



ধর্ম উপদেষ্টা আফম খালিদ হোসেন। ছবি: সংগৃহীত

মুন্সিগঞ্জের গজারিয়ায় হামদর্দ বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে ধর্ম উপদেষ্টা আফম খালিদ হোসেন বলেন, বিশ্ববিদ্যালয়ে ছাত্র রাজনীতির নামে যে অশান্তি চলছে, তা শিক্ষার জন্য ক্ষতিকর। তিনি আরও জানান, আর কোনো শিক্ষার্থীর জীবনহানি দেখতে চান না।

তিনি নতুন স্নাতকদের জ্ঞান ও নৈতিকতার মাধ্যমে সমাজে কাজ করার আহ্বান জানান এবং নৈতিক ভিত্তিতে সমাজ গড়ার গুরুত্ব তুলে ধরেন। শিক্ষার্থীদের জন্য গবেষণার সুযোগ বৃদ্ধি করার কথাও বলেন।

সমাবর্তনে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর নিয়াজ আহমেদ খান, ইউজিসি সদস্য প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া, বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান অধ্যাপক ডা. এ. কে. আজাদ খান, ভাইস-চেয়ারম্যান প্রফেসর ড. চৌধুরী মাহমুদ হাসান এবং উপাচার্য প্রফেসর মো. মনজারুল আলম।

LENS ASIA